



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
পটুয়াখালী সরকারি কলেজ
পটুয়াখালী

E-Mail: p.govt.college@gmail.com
EiIN-102596.

Web:-patuakhali.govtcollege.org
☎: 0441-62415



২০২১ সালের এইচএসসি প্রাইভেট পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন বিজ্ঞপ্তি

নং ৫৪

তারিখঃ ২৮/০৬/২০২১ খ্রি.

বরিশাল শিক্ষা বোর্ডের ২৭/০৬/২০২১ তারিখের বশিবো/কলেজ/অনুঃ/২০২১/২৮৭ স্মারকের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমান পরীক্ষা ২০১৬ এবং তৎপূর্ববর্তী বছরের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী ২০২১ সালে এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে রেজিস্ট্রেশন করতে পারবে। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা ২০১৫ এবং তৎপূর্ববর্তী বছরের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরাও ২০২১ সালের এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাইভেট হিসেবে রেজিস্ট্রেশন করতে পারবে। অংশ গ্রহণেচ্ছু প্রার্থীদের রেজিস্ট্রেশন/তালিকাভুক্তির জন্য ২৮/০৬/২০২১ থেকে ০৭/০৭/২০২১ তারিখের মধ্যে অধ্যক্ষ বরাবর আবেদন করতে হবে। রেজিস্ট্রেশন ও তালিকা ভুক্তি ফি বাবদ ১০০/- (একশত) টাকা কলেজে ১১০৬ নং কক্ষে জমা দিতে হবে।

অন্যান্য তথ্যাদি এবং শর্তাবলী নিম্নরূপ:-

- ১। প্রাইভেট পরীক্ষার্থীরা কেবল মাত্র মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় পরীক্ষা দিতে পারবে কিন্তু ৪র্থ বিষয় ও ব্যবহারিক বিষয় নিতে পারবে না।
- ২। বরিশাল শিক্ষা বোর্ডের কোন কর্মচারী এই বোর্ড কর্তৃক গৃহিত পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে না।
- ৩। মাধ্যমিক বা সমমানের পরীক্ষা পাসের সত্যায়িত মূল নম্বরপত্র প্রেরণ করতে হবে। যে সকল পরীক্ষার্থী ১৯৯৫ সালের পূর্বে এস.এস.সি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক VERIFIED AND FOUND CORRECT লেখা থাকতে হবে কোনক্রমেই মাধ্যমিক পরীক্ষা বা সমমানের কোন সনদপত্র গ্রহণ করা হবে না।
- ৪। যে সকল পরীক্ষার্থী কারিগরি শিক্ষা বোর্ড এবং উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে এস.এস.সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত করতে হবে এবং মূল নম্বরপত্রের অপর পৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক VERIFIED AND FOUND CORRECT লেখা থাকতে হবে।
- ৫। যে সকল পরীক্ষার্থী ১৯৯৯ সালের পূর্বে মাদরাসা শিক্ষা বোর্ড থেকে এসএসসি/সমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত করতে হবে এবং মূল নম্বরপত্রের অপর পৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক VERIFIED AND FOUND CORRECT লেখা থাকতে হবে।
- ৬। যে সকল পরীক্ষার্থী ২০১৬ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় অংশগ্রহণ কৃতকার্য হয়েছে তাদেরকে মূল প্রবেশপত্র জমা দিতে হবে।
- ৭। বাংলাদেশের আওতাধীন অনুমোদিত কোন কলেজের অধ্যক্ষ/অত্র বোর্ডেরও কোন সদস্য অথবা কোন সরকারি গেজেটেড অফিসারের নিকট হতে প্রার্থীর চরিত্র, আচরণ, প্রার্থিত পরীক্ষার অন্ততপক্ষে দুই বছর পূর্ব পর্যন্ত কোন অনুমোদিত কলেজে শিক্ষার্থী ছিল না এবং প্রার্থী কোন পরীক্ষায় বহিষ্কৃত হয়নি অথবা হয়ে থাকলেও এর মেয়াদ শেষ হয়ে গেছে এবং ২০২১ সালে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার জন্য অযোগ্য ঘোষিত হয়নি এ মর্মে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। ভুয়া তথ্য প্রদান করলে আইনগত ব্যবস্থা নেয়া হবে।
- ৮। গেজেটেড অফিসার কর্তৃক শিক্ষা বিরতি সার্টিফিকেট আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

২৮/০৬/২০২১

প্রফেসর মুহাম্মদ শাহ আলমগীর
অধ্যক্ষ (চলতি দায়িত্ব)
পটুয়াখালী সরকারি কলেজ
পটুয়াখালী